

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
[ আইন-১ অধিশাখা ]  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০  
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০. ৫১৬.২০১৭- ২৬৬০

তারিখ ১৪ অগ্রহায়ন ১৪২৪ বঙ্গাব্দ  
২৮ ডিসেম্বর ২০১৭ খ্রিষ্টাব্দ


বিষয়ঃ রীট পিটিশন নং-১৬৬২৫/২০১৭ [ পিটিশনার জনাব মোঃ রেজাউল করিম, পিতা-জাবেদ আলী, গ্রাম-বাড়ীগ্রাম, উপজেলা-বাগমারা, জেলা-রাজশাহী ও অন্যান্য ৬৫ জন বনাম সরকার ও অন্যান্য] এর বিষয়ে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্রঃ সহকারী রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ হতে ২৯.১১.২০১৭ খ্রিঃ তারিখে প্রেরিত রুলের কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, দেশের বিভিন্ন ইউনিয়ন পরিষদে কর্মরত ইউপি সচিবগণকে সরকারী কর্মচারীদের ন্যায় রাজস্বখাতভুক্তকরণ এর নিমিত্ত নির্দেশনা চেয়ে সচিব মহোদয়সহ ৩ (তিন) জনকে প্রতিপক্ষ করে এই রীটটি দায়ের করা হয়েছে। রায়ের অপরাপর প্রতিপক্ষ হলেন-(১) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় এবং (২) সচিব, অর্থ মন্ত্রণালয়। হাইকোর্ট বিভাগ গুনানী অন্তে ইউপি সচিবদের কেন সরকারী কর্মচারী হিসেবে ঘোষণা দেয়া হবে না এবং তাদের রাজস্বখাতভুক্ত করার আদেশ কেন প্রদান করা হবে না সে মর্মে প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশসহ রুলনিশি ইস্যু করেছেন। রীট পিটিশন নং ১৬৬২৫/২০১৭ এ প্রতিদ্বন্দ্বিতার জন্য দফাওয়ারী জবাব আবশ্যিক।

২। এমতাবস্থায়, বিজ্ঞ আদালতের আদেশ মোতাবেক কার্যক্রম গ্রহণ করতঃ ঘটনার প্রকৃত বিবরণীসহ দফাওয়ারী জবাব, প্রতিপক্ষেও বক্তব্য ও আনুষঙ্গিক কাগজপত্রাদি সতায়িত সহকারে ২ (দুই) সেট নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্ত : ----- ফর্দ।

  
২৬.১২.১৭  
(মুহাম্মদ আনোয়ার পাশা)  
উপসচিব  
৯৫৪০৯৯৫

E mail: [dslaw1.lgd.gov@gmail.com](mailto:dslaw1.lgd.gov@gmail.com)

সিনিয়র সহকারী সচিব  
ইউনিয়ন পরিষদ-২ শাখা  
স্থানীয় সরকার বিভাগ।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি :

- ১। সচিবের মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে আপলোড করার জন্য)।
- ৩। অফিস কপি/মাস্টার কপি।